গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

# সূচিপত্র

উপক্রমণিকা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Cox's Bazar District, DPHE)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ, অগভীর নলকূপ, রিংওয়েল স্থাপন এবং পুকুর পুন:খনন করা হয়েছে। পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যশিক্ষা প্রকল্পের আওতায় গভীর নলকূপ, অগভীর নলকূপ, কমিউনিটি ল্যাট্রিন এবং টু-ইন-পিট ল্যাট্রিন। অগ্রাধিকার মূলক গ্রামীন পানি সরবরাহ গভীর নলকূপ, অগভীর নলকূপ ও রিংওয়েল স্থাপন। ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৫ কিলোমিটার পাইপ লাইন স্থাপন। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ গভীর নলকূপ, অগভীর নলকূপ ও রিংওয়েল স্থাপন। জাতীয় স্যানিটেশন প্রকল্পের (৩য় পর্যায়) আওতায় কমিউনিটি টয়লেট ও পাবলিক টয়লেট স্থাপন। পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় সমূহ পুনঃখনন/সংস্কার শীর্ষক প্রকল্পের আওতায় ০২টি পুকুর পুন:খনন ও পিএসএফ নির্মাণ করা হয়েছে। পরিবেশ বান্ধব ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় ১৬৪টি ডিস্যালাইনেশন কাজ চলমান। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক ও নলকূপ স্থাপন করা হয়েছে। GPS/NNGPS প্রকল্পের আওতায় ওয়াশব্লক স্থাপন করা হয়েছে। পানির গুণগতমান পরীক্ষা ব্যবস্থা শক্তিশালীকরন প্রকল্পের আওতায় ২য়, ৩য় ও ৪র্থ তলা ভবন নির্মাণ করা হয়েছে। ৪০টি পৌরসভা ও গ্রোথসেন্টারে অবস্থিত পানি সরবরাহ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৫কিলোমিটার পাইপ লাইন এবং ০১টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। খুরুশকুল বিশেষ আশ্রয়ণ প্রকল্প-০২ এর আওতায় ২২৭০মিটার পাইপ লাইন স্থাপন এবং ২০টি অগভীর নলকূপ স্থাপনের মাধ্যমে সাময়িক পানি সরবরাহ করা হয়েছে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) প্রকল্পের আওতায় ০৩টি পরীক্ষামূলক গভীর নলকূপ, ১০টি অগভীর নলকূপ স্থাপনের মাধ্যমে ০১টি পাইপ লাইন দ্বারা সাময়িক ভাবে পানি সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। World Bank (EMCRP) প্রকল্পের আওতায় ২৮টি মিনি পাইপ লাইন ওয়াটার সাপ্লাই সিস্টেম রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ রয়েছে যার কাজ শেষ পর্যায়ে, ৩০০০টি ল্যাট্রিন এর কাজ চলমান, ৭০টি কমিউনিটি ল্যাট্রিন স্থাপনের কাজ চলমান, ৫০০টি বায়োফিল ল্যাট্রিন স্থাপনের কাজ চলমান, টেকনাফ উপজেলার পানি সমস্যা সমাধানে উপজেলা পরিষদের পিছনে প্রাকৃতিক ছড়ায় পানি পরিশোধনের জন্য সারফেস জায়গায় ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনের নিমিত্তে ফিজিবিলিটি স্ট্যাডি এর কাজ চলমান রয়েছে, ফিক্যালস্লাজ ট্রিটমেন্ট প্লান্ট রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ রয়েছে এবং ৩০টি বায়োগ্যাস ল্যাট্রিনের কাজ চলমান। ADB (EAP) প্রকল্পের আওতায় ৪০টি পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম নির্মাণ রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ রয়েছে এবং কাজ চলমান, উখিয়া উপজেলার ক্যাম্প এলাকায় ও টেকনাফ উপজেলার হোয়াইকং নামক স্থানে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে, ১০টি মিনি ফিক্যাল স্ল্যাজ ট্রিটমেন্ট সিস্টেম রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ রয়েছে, ০২টি ফিক্যাল স্ল্যাজ ট্রিটমেন্ট ও সলিড ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ রয়েছে, ২০টি বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ কাজ চলমান, ৫০০টি গোসলখানা নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং কক্সবাজার পৌরসভা এলাকায় পানি সরবরাহের নিমিত্তে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। অভ্যান্তরীন বাস্তুচ্যুত জনগোষ্ঠীর আশ্রয়ন প্রকল্প সমূহে অবহেলিত জনগোষ্ঠীর মাঝে মুজিব শতবর্ষে ইউনিসেফ ওয়াশ প্রকল্পের মাধ্যমে উন্নত মানের স্যানিটেশন ও পানি সরবরাহ ব্যবস্থা করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ী করণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দকরন। সামগ্রিক কাজের মনিটরিংও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িত করণ তথ্য সংগ্রহ ও সংরক্ষন।পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিত করণের ক্ষেত্রে প্রধান অন্তরায়/সমস্যা হল এই খাতে অপ্রতুল বাজেট বরাদ্দ।এছাড়া সমুদ্র উপকূলবর্তী হওয়ায় সাম্প্রতিক সময়ে ভূ-গর্ভস্থ পানিতে লবণাক্ততার উপস্থিতি একটি বড় চ্যালেঞ্জ। আরো রয়েছে মূল ভূ-খন্ড হতে বিচ্ছিন্ন দ্বীপ (কুতুবদিয়া)যেখানে সুপেয় পানি ও উন্নত স্যানিটেশন নিশ্চিত করা একটি কষ্ট সাধ্য বিষয় হয়ে দাড়িঁয়েছে।

### ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কক্সবাজার জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, ভূ-গর্ভস্থ পানির চাপ কমাতে সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মান এবং প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন।স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ। উল্লেখ্য সরকারী আশ্রয়ন প্রকল্প সমূহে মানুষের জীবনমান উন্নত করার মানসে স্যানিটেশন ও পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন এবং টেকসই করার নিমিত্তে সচেতনতা বৃদ্ধি করন, দ্বীপাঞ্চল সমূহে নতুন প্রকল্প (পাইপ স্কীম ও উন্নত স্যানিটেশন)গ্রহন পূর্বক টেকসই উন্নয়ন বিকেন্দ্রি করনের মাধ্যমে কাভারেজ শতভাগে উন্নীত করন।

### ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন – ২৯৯৯টি
- পৌর এলাকায় উৎপাদন নলকূপ স্থাপন, প্রতিস্থাপন ও পুনরুজ্জীবিতকরণ – ৩টি
- পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন – ৩টি
- পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ – ০৫টি
- পৌর এলাকায় পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ – ৫ কি:মি:
- পল্লী এলাকায় সুপয়ে পানরি জন্য নতুন পুকুর খনন – ০৩টি
- পৌর এলাকায় ভূ-পৃষ্ঠস্থ্য ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ – ০৩টি
- পৌর এলাকায় ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ – ০৩টি
- পল্লী এলাকায় স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন স্থাপন – ২১৬৬টি
- পল্লী ও পৌরএলাকায় কমিউনিটি ল্যাট্রিন/ পাবলিক ল্যাট্রিন স্থাপন – ২৩টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা – ২৯৯৯ টি।

## সেকশন ১:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কক্সবাজার জেলা এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision): জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা,
২. পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন,
৩. পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দাপ্তরিক কমর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ,
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি,
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;
- শহরাঞ্চলে পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- স্থানীয় সরকার , বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান ও
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ এবং পর্যায়ক্রমে দেশের সকল এলাকায় পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন।

## সেকশন-২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ(Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি | কভারেজ | শতকরা হার | ৮৭ | ৮৭.৫ | ৯০ | ৯২ | ৯৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |
| পৌর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি | কভারেজ | শতকরা হার | ৭০ | ৭২ | ৭৫ | ৭৮ | ৮২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |
| পল্লী অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি | কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ) | শতকরা হার | ৮৫ | ৮৭ | ৯০ | ৯২ | ৯৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |
| পৌর অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি | কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ) | শতকরা হার | ৮৩ | ৮৮ | ৯০ | ৯৩ | ৯৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা | JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| ১.পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা | ৫০ | [১.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | [১.১.১] স্থাপিত নলকূপ/ উৎস | সমষ্টি | সংখ্যা | ২০ | ২০৭৩ | ৯২৬ | ২৯৯৯ | ২৮০০ | ২৬০০ | ২৪০০ | ২২০০ | ৩২০০ | ৩৫০০ |
| | | [১.২] গ্রামীণ এলাকায় পুকুর খনন/পুনঃখনন স্কীম | [১.২.১] খননকৃত/ পুনঃখননকৃত পুকুর | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ১ | ৩ | ২.৫ | ২ | ১.৫ | ১ | - | - |
| | | [১.৩] পৌর এলাকায় উৎপাদক নলকূপের মাধ্যমে পানি সরবরাহ | [১.৩.১] স্থাপিত/প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ২ | ৩ | ৩ | ২ | ১ | -- | ৪ | ৫ |
| | | [১.৪] পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন | [১.৪.১] স্থাপিত পরীক্ষামূলক নলকূপ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | - | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| | | [১.৫] পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ | [১.৫.১] নির্মিত পাম্প হাউজ | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৫ |
| | | [১.৬] পৌরএলাকায় পাইপলাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ | [১.৬.১] স্থাপনকৃত পাইপলাইন | সমষ্টি | কি:মি: | ৫ | ৫ | - | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৫ |
| | | [১.৭] পৌরএলাকায় ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ | [১.৭.১] নির্মিত ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | ৩ | ৩ (৯০%) | ৩ (৮০%) | ৩ (৭০%) | ৩ (৬০%) | - | - |
| | | [১.৮] পৌরএলাকায় ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ | [১.৮.১] নির্মিত ওভারহেড ট্যাঙ্ক | সমষ্টি | সংখ্যা | ৩ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | - | - |
| [২] পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ১৫ | [২.১] পল্লী ও পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | [২.১.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫ | ১৮ | ২৩ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২৫ | ২৮ |
| | | [২.২] পল্লী এলাকায় স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন স্থাপন | [২.২.১] নির্মিত স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২০০ | ৯৬৬ | ২১৬৬ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৫০০ | ২২০০ | ২৪০০ |
| [৩] পানির গুণগত মান নিশ্চিতকরণ | ১০ | [৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৩.১.১] পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | সমষ্টি | সংখ্যা | ১০ | ২০৭৩ | ৯২৬ | ২৯৯৯ | ২৮০০ | ২৬০০ | ২৪০০ | ২২০০ | ৩২০০ | ৩৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নির্বাহী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>কক্সবাজার জেলা, কক্সবাজার | ২৩/০৭/২০২০<br>তারিখ |
| প্রধান প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>ঢাকা | ২৩/০৭/২০২০<br>তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিকনং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ২. | কি.মি. | কিলোমিটার |
| ৩. | CBO | Community Based Organization |
| ৪. | WSP | Water Safety Plan |
| ৫. | JMP | Joint Monitoring Programme |
| ৬. | VWSP | Village Water Supply Project |

## সংযোজনী- ২
## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | [১.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | [১.১.১] স্থাপিত নলকূপ/ উৎস | বিভিন্ন প্রকল্পের আওতায় গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.২] গ্রামীণ এলাকায় পুকুর খনন/পুনঃখনন স্কীম | [১.২.১] খননকৃত/ পুনঃখননকৃত পুকুর | বিভিন্ন প্রকল্পের আওতাধীন গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নতুন পুকুর খনন। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.৩] পৌর এলাকায় উৎপাদক নলকূপের মাধ্যমে পানি সরবরাহ | [১.৩.১] স্থাপিত/প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ | বিভিন্ন প্রকল্পের আওতাধীন পৌর এলাকায় স্থাপিত / প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.৪] পৌর এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন | [১.৪.১] স্থাপিত পরীক্ষামূলক নলকূপ | বিভিন্ন প্রকল্পের আওতাধীন পৌর এলাকায় স্থাপিত পরীক্ষামূলক নলকূপ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.৫] পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ | [১.৫.১] নির্মিত পাম্প হাউজ | বিভিন্ন প্রকল্পের আওতাধীন পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.৬] পৌর এলাকায় পাইপলাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ | [১.৬.১] স্থাপনকৃত পাইপলাইন | বিভিন্ন প্রকল্পের আওতায় পাইপ লানের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থাপনার উন্নয়ন। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.৭] পৌরএলাকায় ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ | [১.৭.১] নির্মিত ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট | বিভিন্ন প্রকল্পের আওতাধীন পৌর এলাকায় নির্মিত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [১.৮] পৌরএলাকায় ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ | [১.৮.১] নির্মিত ওভারহেড ট্যাঙ্ক | বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মিত ওভারহেড ট্যাঙ্ক | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| ২ | [২.১] পল্লী ও পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | [২.১.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন | পল্লী/পৌর এলাকায় স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| | [২.২] পল্লী এলাকায় স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন স্থাপন | [২.২.১] নির্মিত স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন | পল্লী/পৌর এলাকায় স্যানিটেশন সুবিধা নিশ্চিত করণের লক্ষ্যে ইম্প্রুভড/ স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন/ ইকো টয়লেট নির্মাণ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | কাজ সমাপ্তির প্রতিবেদন/হস্তান্তর সার্টিফিকেট | প্রকল্প ওয়ারী মাসিক অগ্রগতি প্রতিবেদন |
| ৩ | [৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ | [৩.১.১] পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা | নিরাপদ পানি সরবরাহের উদ্দেশ্যে পানির সব ধরনের উৎসের নমুনা পরীক্ষাগারে পরীক্ষা করা | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার জেলা, কক্সবাজার। | পানির গুনগতমান পরীক্ষার প্রতিবেদন | পরীক্ষাগার কর্তৃক পানির গুনগতমান পরীক্ষার প্রতিবেদন |

## সংযোজনী ৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| প্রযোজ্য নয় | | | | | |